

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪১২.৯০.০৩০.২৩ নথির বিষয়: Removing of contamination water at Matuail-Mrirdhabari, Haji Abdus Samad Road, Sheikhdi Abdullah Mollah School area, Chandni Math etc. area under MODS Zone-7, Dhaka WASA.

নোট: ১ নোটের বিষয়: Removing of contamination water at Matuail-Mrirdhabari, Haji Abdus Samad Road, Sheikhdi Abdullah Mollah School area, Chandni Math etc. area under MODS Zone-7, Dhaka WASA.

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ১৮/৭/২৩ ১:১৫ অপরাহ্ন

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংযুক্ত ক্রমিকগুলি সদয় দেখা যেতে পারে। মডস জোন-৭ এর আওতাধীন মাতুয়াইল-মর্দাবাড়ি, চাঁদনী মাঠ, হাজী আব্দুস সামাদ রোড, সামাদনগর এলাকা সংলগ্ন বিভিন্ন রোড এবং শেখদি আব্দুল্লাহ মোল্লাহ স্কুল সংলগ্ন জনবহুল এলাকার রোডসমূহের হোল্ডিং গুলোতে বিদ্যমান পুরাতন ও জরাজীর্ণ লাইনের মাধ্যমে পানি সরবরাহ করা হচ্ছে। বর্ণিত এলাকাসমূহে প্রায়শই ময়লা পানি পাচ্ছে মর্মে ঢাকা ওয়াসা লিংক, মোবাইল ও সরাসরি জোন অফিসের অভিযোগ কেন্দ্রে সম্মানিত গ্রাহকগণ অভিযোগ করেন। প্রাপ্ত অভিযোগের ভিত্তিতে সহকারী প্রকৌশলী সহ সরেজমিনে সাইট পরিদর্শন করা হয়। পরিদর্শন শেষে স্বল্প ও দ্রুততম সময়ের মধ্যে ময়লা পানির উৎস খোঁজা ও নিরসন করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হয় নতুবা ময়লা পানি দ্বারা লাইনের সাথে সংযুক্ত সম্পূর্ণ নেটওয়ার্ক ময়লা পানি দ্বারা দূষিত হয় যেতে পারে। সংশ্লিষ্ট এলাকা সমূহে বিদ্যমান পানির লাইনে লিকেজের কারণে ও ক্ষতিগ্রস্ত সার্ভিস লাইন দ্বারা ময়লা পানি মূল লাইনে প্রবেশ করে এবং উক্ত নেটওয়ার্কে ময়লা ও দুর্গন্ধযুক্ত পানি গ্রাহক হোল্ডিং এ সরবরাহ নেটওয়ার্কের মাধ্যমে সরবরাহ হয়। উল্লেখ্য যে, মডস জোন-৭ এর আওতাধীন অধিকাংশ এলাকা ডিএনডি প্রকল্পের অন্তর্ভুক্ত বিধায় উক্ত এলাকা সমূহে খাল, ডোবা-নালা ও পরিত্যক্ত জলাধার তুলনামূলকভাবে বেশি। উক্ত খাল ও জলাধার রক্ষণাবেক্ষণে নিয়োজিত বিভাগ উক্ত এলাকাসমূহের খাল পরিষ্কার ও রক্ষণাবেক্ষণ কাজ করার সময় ঢাকা ওয়াসার সরবরাহ লাইন ও সার্ভিস সংযোগ ক্ষতিগ্রস্ত হয়ে থাকে। ফলে ক্ষতিগ্রস্ত সরবরাহ লাইন ও সার্ভিস সংযোগ দিয়ে লিকেজ হয়ে প্রচুর পরিমাণ পানি অপচয় হয়ে এলাকায় পানির স্বল্পতা দেখা দেয় এবং ক্ষতিগ্রস্ত পয়েন্ট দিয়ে ময়লা পানি সরবরাহ নেটওয়ার্কে প্রবেশ করে গ্রাহক হোল্ডিং এ সরবরাহ হয়। এছাড়া বিভিন্ন সময় ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, তিতাস গ্যাস এবং বিভিন্ন সংস্থা বিভিন্ন উন্নয়নমূলক কাজ করতে গিয়ে সরবরাহ লাইন ক্ষতিগ্রস্ত করে যা, সঠিকভাবে মেরামত না করে চলে যায় ফলে সরবরাহ পানির লাইন লিকেজ দ্বারা হয়ে পানির অপচয়, রাস্তা নষ্ট ও সরবরাহ নেটওয়ার্কে ময়লা পানি প্রবেশ করে মর্মে অত্র দপ্তরে সম্মানিত গ্রাহক পর্যায় হতে অভিযোগ পাওয়া যায়। ঢাকা ওয়াসার সম্মানিত গ্রাহকগণের সর্বোচ্চ সেবা প্রদান ও সুনাম অক্ষুণ্ণ রাখার স্বার্থে ন্যূনতম সময়ে ময়লা পানির উৎস খোঁজা এবং তা নিরসন করার জন্য পানির লাইনে সৃষ্ট লিকেজগুলো জরুরী ভিত্তিতে মেরামত ও রক্ষণাবেক্ষণ করা প্রয়োজন।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ১৮/৭/২৩ ১:৩২ অপরাহ্ন

আলোচ্য কাজটি সম্পাদন করার লক্ষ্যে ঢাকা ওয়াসার রোট সিডিউল এবং অত্র জোনের পূর্বানুমোদিত দরের (সংযুক্তি-৩) ভিত্তিতে একটি প্রাক্কলন (সংযুক্তি-৫) প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলনে ব্যয়ের পরিমাণ দাঁড়িয়েছে “পার্ট-এ”-তে মালামাল বাবদ ৩৫,৫২০.০০ (পঁয়ত্রিশ হাজার পাঁচশত বিশ টাকা মাত্র) এবং “পার্ট-বি”-তে লেবার চার্জ বাবদ ৩,৯৮,৭৮৮.০৩৩ (তিন লক্ষ আটানব্বই হাজার সাতশত আটাশ দশমিক শূন্য তিন তিন টাকা মাত্র) সহ সর্বমোট ৪,৩৪,৩০৮.০৩৩ (চার লক্ষ চৌত্রিশ হাজার তিনশত আট দশমিক শূন্য তিন তিন টাকা মাত্র)। আলোচ্য কাজটি চলতি ২০২৩-২০২৪ ইং অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার বি-১৩.৪৪ নং আইটেমে DPM মাধ্যমে অন্তর্ভুক্ত আছে (সংযুক্তি-১)। পি. পি. আর-২০০৮ অনুযায়ী আলোচ্য কাজটি ডি.পি.এম. (DPM) পদ্ধতিতে ঠিকাদারি প্রতিষ্ঠান মেসার্স রেইনবো ইন্টারন্যাশনাল ওয়ার্কস এর সাথে সরাসরি চুক্তির আওতায় জরুরী ভিত্তিতে বাস্তবায়ন করা যেতে পারে। আলোচ্য কাজের জন্য “পার্ট-এ”-তে অন্তর্ভুক্ত মালামাল সমূহ বিভাগীয় উপ-ভান্ডার হতে সরবরাহ করা হবে। উল্লেখ্য যে, আলোচ্য ক্রয় কাজ বাস্তবায়নে Procuring Entity হিসেবে Executive Engineer, MODS Zone-7, Dhaka WASA কে রাখা হয়েছে। আলোচ্য কাজের চুক্তি বাস্তবায়ন কাজসমূহ Executive Engineer, MODS Zone-7, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে।

সংযুক্তিসমূহ (৬):

- ১। চলতি ২০২৩-২০২৪ ইং অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার কপি।
- ২। ওয়াসা লিংক হতে প্রাপ্ত অভিযোগের টিকিট।
- ৩। পূর্বানুমোদিত দরের কপি।
- ৪। ক্যালকুলেশন শীট।
- ৫। আলোচ্য কাজের প্রাক্কলন।
- ৬। আলোচ্য কাজের প্রতিবেদন।

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ১৮/৭/২৩ ১:৫১ অপরাহ্ন

এমতাবস্থায়, “Removing of contamination water at Matuail-Mrirdhabari, Haji Abdus Samad Road, Sheikhdi Abdullah Mollah School area, Chandni Math etc. area under MODS Zone-7, Dhaka WASA” কাজটি অতি জরুরি বিবেচনায় পি.পি.আর-২০০৮ এর ৭৬(১)(ট) ধারা অনুযায়ী DPM এর মাধ্যমে মেসার্স রেইনবো ইন্টারন্যাশনাল ওয়ার্কস - এর সাথে সরাসরি চুক্তির আওতায় সম্পাদনের লক্ষ্যে অনুচ্ছেদ নং- ১.১ সহ “পার্ট-বি” তে পেশকৃত প্রাক্কলণ সর্বমোট ৩,৯৮,৭৮৮.০৩৩/- (তিন লক্ষ আটানব্বই হাজার সাতশত আটশি দশমিক শূণ্য তিন তিন টাকা মাত্র) - এর সদয় অনুমোদন দেয়া যেতে পারে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের প্রাক্কলনটি প্রধান প্রকৌশলী মহোদয়ের অনুমোদনের আওতাধীন।

১৮/৭/২৩ ৩:০০ অপরাহ্ন
সঞ্জয় মিশ্র
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৭

১৮/৭/২৩ ৪:৪৬ অপরাহ্ন
মোঃ আফজাল হোসেন
সহকারী প্রকৌশলী
মডস জোন-৭

১৯/৭/২৩ ১০:৪৫ পূর্বাহ্ন
মোঃ শাহ আলম
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-৭

২৬/৭/২৩ ১২:৫৭ অপরাহ্ন
শেখ মোহাম্মদ আনোয়ার সাত্তার
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-১

২৬/৭/২৩ ১২:৫৭ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ৩০/৭/২৩ ৬:২৪ অপরাহ্ন

অনুমোদিত

৩০/৭/২৩ ৬:২৪ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

৩০/৭/২৩ ৬:২৪ অপরাহ্ন
মোঃ শাহ আলম
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-৭

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ৩০/৭/২৩ ৯:১০ অপরাহ্ন

Please take necessary steps/actions according to the approval of paragraph 1.3

৩০/৭/২৩ ৯:১০ অপরাহ্ন
মোঃ শাহ আলম
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-৭

৩০/৭/২৩ ৯:১০ অপরাহ্ন
সঞ্জয় মিশ্র
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৭